



তথ্যবিবরণী

নম্বর-০৭৪

হয়রানিমূলক মামলা দায়ের করলে ব্যবস্থা নেয়া হবে

- স্বরাষ্ট্র উপদেষ্টা

রাজশাহী; ০৩ কার্তিক (১৯ অক্টোবর):

স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরী (অব.) বলেছেন, যারা হয়রানিমূলক মামলা দায়ের করবে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। সাম্প্রতিক সময়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পক্ষ থেকে এ বিষয়ে নির্দেশনা দেয়া হয়েছে। যারা নিরীহ লোকের বিরুদ্ধে মামলা করছে, টাকা হাতিয়ে নেয়ার জন্য মামলার ভয়ভীতি দেখাচ্ছে- তাদের বিরুদ্ধে যথোপযুক্ত অ্যাকশন নেয়া হবে।

উপদেষ্টা আজ দুপুরে রাজশাহী বিজিবি সেক্টর সদর দপ্তরে সাংবাদিকদের ব্রিফিংকালে এসব কথা বলেন।

পুলিশ পুরোদমে কাজ করতে পারছে না মর্মে জনগণের মধ্যে গুঞ্জন রয়েছে- সাংবাদিকদের এমন প্রশ্নের জবাবে উপদেষ্টা বলেন, ৫ আগস্টের পর পুলিশের যে অবস্থা হয়েছে, সে অবস্থা থেকে অনেকটা উত্তরণ ও উন্নতি ঘটেছে। তিনি বলেন, পুলিশের মধ্যে একটা ট্রমা কাজ করেছে। আমার কাছে এমন কিছু নেই যে দু'চারদিনের মধ্যে এটা ঠিক করে দিবো। তবে আন্তে আন্তে পরিস্থিতির উন্নতি হচ্ছে। আমাদের আরো কিছুদিন সময় দিতে হবে।

কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পে কোটি কোটি টাকার দুর্নীতি হয়েছে- সাংবাদিকদের এ প্রশ্নের জবাবে লেফটেন্যান্ট জেনারেল মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরী (অব.) বলেন, শুধু কৃষি যান্ত্রিকীকরণের ক্ষেত্রে না, সারের বিষয়েও বিরাট দুর্নীতি হয়েছে। এটার ক্ষেত্রে আমরা তদন্ত করছি। যারা দোষী তাদের বিরুদ্ধে অ্যাকশন নেয়া হবে। এ বিষয়ে দু'একজনকে ইতোমধ্যে কাস্টোডিতে নেয়া হয়েছে।

বাংলাদেশ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের ও সাবেক পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ সম্পর্কে সরকারের কাছে সুনির্দিষ্ট তথ্য আছে কিনা জানতে চাইলে উপদেষ্টা বলেন, আমাদের নিকট তাদের সম্পর্কে সুনির্দিষ্ট তথ্য নাই। তবে আপনাদের নিকট এ ধরনের তথ্য থাকলে তথ্য দিয়ে আপনারা সহায়তা করতে পারেন, সেক্ষেত্রে আপনাদের পুরস্কৃত করা হবে। তিনি অনুসন্ধানী সাংবাদিকতার মাধ্যমে সাংবাদিকদের এসব তথ্য খুঁজে বের করার অনুরোধ করেন। উপদেষ্টা এসময় জানান, ৫ থেকে ৭ আগস্ট কোনো সরকার ছিলো না। সে সময় বেশিরভাগ অপরাধী দেশ ছেড়ে পালিয়ে গেছে।

শেখ হাসিনা ও ওবায়দুল কাদেরের বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল কর্তৃক গ্রেফতারি পরোয়ানা জারি হওয়ার প্রেক্ষিতে তাদের দেশে ফিরিয়ে আনার উদ্যোগের বিষয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে উপদেষ্টা বলেন, পররাষ্ট্র উপদেষ্টা এ বিষয়ে মিডিয়ায় বিস্তারিত বলেছেন। ভারতের সঙ্গে এ সংক্রান্ত আমাদের চুক্তি রয়েছে। এ চুক্তিকে আমরা অবশ্যই অনুসরণ করবো।

এসময় বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোহাম্মদ আশরাফুজ্জামান সিদ্দিকী, রংপুর রিজিয়ন কমান্ডার ব্রিগেডিয়ার জেনারেল এস এম জাহিদুর রহমান, রাজশাহী সেক্টর কমান্ডার কর্নেল মোঃ ইমরান ইবনে এ রউফ প্রমুখ উপস্থিত ছিলেন।

এর আগে উপদেষ্টা বিজিবি রাজশাহী সেক্টর সদর দপ্তর ও রাজশাহী ব্যাটালিয়ন (১ বিজিবি)-এ কর্মরত অফিসারদের জন্য অনুষ্ঠিত দরবারে বক্তব্য রাখেন। তিনি সেখানে হাউজ গার্ড পরিদর্শন করেন এবং পরিদর্শন বইয়ে স্বাক্ষর করেন।

এর আগে উপদেষ্টা আজ সকালে নওগাঁর পত্নীতলা উপজেলায় ১৪ বিজিবি পত্নীতলা ব্যাটালিয়ন পরিদর্শন করেন। সেখানে তিনি কৃষি জাদুঘর পরিদর্শন করেন এবং বিজিবি পরিচালিত কৃষি খামার ঘুরে দেখেন। পরিদর্শনকালে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. মো. মোখলেস উর রহমান, পুলিশ মহাপরিদর্শক মো. ময়নুল ইসলাম এনডিসি প্রমুখ উপস্থিত ছিলেন।

.....
ফয়সাল/তৌহিদ/আালিম/২০:৩০ঘ.